

বিএন ওয়েবসাইটে প্রকাশের জন্য সচিত্র প্রতিবেদন - জুন ২০২২

১। **বৃক্ষরোপন অভিযান-২০২২ প্রসঙ্গে।** গত ০৫ জুন ২০২২ তারিখ বানৌজা নির্ভীকে বৃক্ষরোপন অভিযান-২০২২ এর শুভ উদ্বোধন করা হয়। উক্ত উদ্বোধনী অনুষ্ঠানে অত্র কমান্ডের অধীন কর্মরত সকল কর্মকর্তা ও সকল পদবীর নাবিকগণ স্বতঃস্ফূর্তভাবে অংশগ্রহণ করে। কমসোয়াডস কমান্ডের এফ এম আরিফুর রহমান ভূঁইয়া, (জি), বিএসপি, পিপিএম, এএফডব্লিউসি, পিএসসি, বিএন প্রধান অতিথি হিসেবে উক্ত অনুষ্ঠানের উদ্বোধন করেন।



চিত্রঃ ১ক। কমসোয়াডস বৃক্ষরোপন অভিযান-২০২২ এর উদ্বোধন করেন।



চিত্রঃ ১খ। বৃক্ষরোপন অভিযান-২০২২ এর চিত্র।

সীমিত

২। কমসোয়াডস টি-২০ কাপ ক্রিকেট টুর্নামেন্ট প্রসঙ্গে। সোয়াডস কমান্ডের নৌসদস্যদের মধ্যে খেলাধুলায় উৎসাহ প্রদানের লক্ষ্যে এবং নতুন খেলোয়ার তৈরীর উদ্দেশ্যে যথাযথ উৎসবমুখর পরিবেশে গত ৮ জুন ২০২২ তারিখ বানৌজা নির্ভীকে কমসোয়াডস কাপ টি-২০ ক্রিকেট টুর্নামেন্ট অনুষ্ঠিত হয়। কমসোয়াডস অধীন জাহাজ/ ঘাঁটি হতে মোট তিনটি দলে বিভক্ত করে টুর্নামেন্ট এর আয়োজন করা হয়। গত ১২ জুন ২০২২ উত্তেজনাপূর্ণ ফাইনালে সিডিএনএস টিম এনসিজি টিমকে পরাজিত করে চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে। উক্ত অনুষ্ঠানে অত্র কমান্ডের অধীন কর্মরত সকল কর্মকর্তা ও বিভিন্ন পদবীর নাবিক এবং বেসামরিক সদস্যগণ উপস্থিত ছিলেন। কমসোয়াডস কমান্ডের এফ এম আরিফুর রহমান ভূঁইয়া, (জি), বিএসপি, পিপিএম, এএফডব্লিউসি, পিএসসি, বিএন খেলা শেষে অংশগ্রহনকারী দলসমূহের সাথে শুভেচ্ছা বিনিময় ও পুরস্কার বিতরণ করেন।



চিত্রঃ ২ক। কমসোয়াডস টি-২০ কাপ টুর্নামেন্টের চ্যাম্পিয়ন টিমের সাথে প্রধান অতিথি কমসোয়াডস এর ফটোসেশন।



চিত্রঃ ২খ। কমসোয়াডস টি-২০ কাপ টুর্নামেন্টের রানারআপ টিমের সাথে প্রধান অতিথি কমসোয়াডস এর ফটোসেশন।



চিত্রঃ ২গ। কমসোয়াডস টি-২০ কাপ টুর্নামেন্টের চ্যাম্পিয়ন টিমকে ট্রফি প্রদান।

৩। কক্সবাজারস্থ ইনানী বীচে মহড়া পরিচালনা। International Fleet Review (IFR) - 2022 এর Operational Demo এর প্রস্তুতি উপলক্ষ্যে গত ২৮ জুন থেকে ৩০ জুন ২০২২ পর্যন্ত কক্সবাজারস্থ ইনানী বীচে বিশেষ কমান্ডো মহড়া (Beach Clearance, CT exercise, Diving & Helo Casting) অনুষ্ঠিত হয়। উক্ত কমান্ডো মহড়ায় কমসোয়াডস কমান্ডোর এফ এম আরিফুর রহমান ভূঁইয়া, (জি), বিএসপি, পিপিএম, এএফডব্লিউসি, পিএসসি, বিএন উপস্থিত থেকে মহড়া পর্যবেক্ষণ করেন এবং অংশগ্রহনকারী সকলের উদ্দেশ্যে বিশেষ দিক নির্দেশনা প্রদান করেন।



চিত্রঃ ৩ক। কমসোয়াডস কর্তৃক মহড়ায় অংশগ্রহনকারীদের উদ্দেশ্যে ব্রিফিং প্রদান।



চিত্রঃ ৩খ। মহড়ায় অংশগ্রহনকারী কমান্ডোদের ফাস্ট বোট ডেলিভারির বিশেষ মুহূর্তের ছবি।



চিত্রঃ ৩গ। মহড়ায় অনুষ্ঠিত হেলোকাস্টিং এর চিত্র।

৪। স্কুবা ওরিয়েন্টেশন কোর্স-৬৩ (বিএমএ ক্যাডেট) এবং এ্যাডভান্সড ডাইভিং এন্ড স্যালভেজ (সিডি-২) কিউ কোর্সদ্বয়ের প্রশিক্ষণ কার্যক্রম। গত ১২ জুন ২০২২ হতে ৩০ জুন ২০২২ পর্যন্ত কমসোয়াডস অধীন ডাইভিং এন্ড স্যালভেজ স্কুলে স্কুবা ওরিয়েন্টেশন কোর্স-৬৩ (বিএমএ ক্যাডেট) পরিচালিত হয় এবং গত ১৫ মে ২০২২ হতে এ্যাডভান্সড ডাইভিং এন্ড স্যালভেজ (সিডি-২) কিউ কোর্স ২০২২ চলমান রয়েছে। প্রশিক্ষণকালীন বিভিন্ন কর্মসূচী ও প্রশিক্ষণ কার্যক্রম প্রশিক্ষকবৃন্দের উপস্থিতিতে পরিচালিত হয়।



চিত্রঃ ৪ ক। স্কুবা ওরিয়েন্টেশন-৬৩ ক্লাস এর কাণ্ডাই লেকে প্রশিক্ষণকালীন সময় ত্রাত্তিক জ্ঞান প্রদান।



চিত্রঃ ৪ খ। স্কুবা ওরিয়েন্টেশন-৬৩ ক্লাস এর কাণ্ডাই লেকে ডুবুরী প্রশিক্ষণ প্রদান।



চিত্রঃ ৪ গ। স্কুবা ওরিয়েন্টেশন-৬৩ ক্লাস এর প্রশিক্ষন চলাকালীন ডুবুরী কার্যক্রম।



চিত্রঃ ৪ ঘ। এ্যাডভান্সড ডাইভিং এন্ড স্যালভেজ (সিডি-২) ‘কিউ’ কোর্স ২০২২এর SSDS DIVING এর পূর্ব মুহূর্ত।

৫। ৭ম নেভাল কমান্ডো স্পেশালিষ্ট (এনসিএস) সীল এবং ৯ম নেভাল কমান্ডো এ্যাডভান্সড (এনসিএ) এসবিসিসি কোর্সেদ্বয়ের প্রশিক্ষণ কার্যক্রম। কমসোয়াডস অধীন স্পেশাল ওয়ারফেয়ার স্কুলে বর্তমানে ৭ম নেভাল কমান্ডো স্পেশালিষ্ট (এনসিএস) সীল এবং ৯ম নেভাল কমান্ডো এ্যাডভান্সড (এনসিএ) এসবিসিসি কোর্সেদ্বয় পরিচালিত হচ্ছে। প্রশিক্ষনকালীন সময় বিভিন্ন কর্মসূচী ও প্রশিক্ষন কার্যক্রম প্রশিক্ষকবৃন্দের উপস্থিতিতে সুষ্ঠু ও সুচারুভাবে প্রশিক্ষণ পরিচালিত হচ্ছে।



চিত্রঃ ৫ ক। ৭ম নেভাল কমান্ডো স্পেশালিষ্ট (এনসিএস) সীল কোর্সের SCUBA Open Circuit Diving প্রশিক্ষণ।



চিত্রঃ ৫ খ। ৭ম নেভাল কমান্ডো স্পেশালিষ্ট (এনসিএস) সীল কোর্সের Expert Shooter Firing প্রশিক্ষণ।



চিত্রঃ ৫ গ। ৭ম নেভাল কমান্ডো স্পেশালিষ্ট (এনসিএস) সীল কোর্সের Expert Shooter Firing প্রশিক্ষণ।



চিত্রঃ ৫ ঘ। ৯ম নেভাল কমান্ডো এ্যাডভান্সড (এনসিএ) এসবিসিসি কোর্সের Closed Circuit Diving প্রশিক্ষণ।